বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের আওতায় ২০১৯-২০২০ অর্থবছেরর এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয় বিভাগ ভিত্তিক সারসংক্ষপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরন			মুল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগর প্রকল্পের সংখা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন ও সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্ত শতকরা হার (%) সর্বনিম্ন সর্বোচ্চ
১	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০১ টি	১টি	০টি	--	০১ টি	০১ টি	% ও ৭৫%	০১টি	% ও ৫৩%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা ০১টি

২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মোয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকা)	প্রকৃত বাস্তবায়নকাল
বাংলাদেশ রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় সংশোধিত)	৪৩৪৫.৬৭	জুলাই ২০১৩ হতে জুন ২০২০

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
বাংলাদেশ রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় সংশোধিত)	প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং এর আলোকে যথাযথ মনিটরিং না করা। সংশ্লিষ্টদের মধ্যমে সমন্বয়হিনতা ছিল। প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট এর ব্যবস্থাপনাগত দক্ষতার অভাব। এমনকি সঠিক ভাবে নীড এ্যাসেসমেন্ট বা সম্ভাব্যতা সমীক্ষা না করার ফলে মেয়াদ বৃদ্ধি হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
সম্ভাব্যতা সমীক্ষা না থাকা;	পরিকল্পনা শৃঙ্খলা অনুযায়ী সঠিক ভাবে নীড এ্যাসেসমেন্ট বা সম্ভাব্যতা সমীক্ষা প্রণয়নপূর্বক পরবর্তী কার্যক্রম সম্পন্ন করা;
প্রকল্পের ফলাফল টেকসই করণে কার্যকর ব্যবস্থা না থাকা;	অনুমোদিত দলিলে প্রকল্পের ফলাফল টেকসই করণে কার্যকর ব্যবস্থা উল্লেখ করা;
প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ কের সংরক্ষণ করা;	প্রকল্পের কার্যক্রমকে ডাটা বেইজ করে সংরক্ষণ করা যা পরবর্তিতে কাজে ব্যবহার করা যায় এবং ওভারল্যাপিং পরিহারে সহায়তা করে।
নিয়মিত অডিট সম্পন্ন না হওয়া;	আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পে আর্থিক কার্যাবলী নিয়মিত অডিট করা।
প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি পরিলক্ষিত হয়;	প্রকল্পের সময় বৃদ্ধি ও ব্যয় বৃদ্ধি বিষয়ে নিরুৎসাহিত করা প্রয়োজন।
ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করা;	প্রকল্পের সুষ্ট বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত প্রকল্প পরিচালকের ব্যবস্থা করা প্রয়োজন।

বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০২০)

প্রকল্পের নামঃ বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা (২য় সংশোধিত)

১. প্রকল্পের অবস্থান : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ০৫টি আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় (রাজশাহী, রংপুর, ঢাকা, যশোর ও রাঙ্গামাটি) এর আওতাধীন সমগ্র বাংলাদেশের ৩০টি জেলার ৪২টি উপজেলায় অবস্থিত রেশম উন্নয়ন বোর্ডের সম্প্রসারণ এলাকা সমূহ।

২. বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড

৩. প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগ : বস্ত্র ও পাট মন্ত্রণালয়।

৪. প্রকল্প বাস্তবায়ন সময় ও ব্যয় : জুলাই'২০১৩-জুন'২০২০, ব্যয়: ৪৩৪৫.৬৭ লক্ষ টাকা।

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় (মোট জিওবি প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকল্পের প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলন ব্যয়ের %)	অতিক্রান্ত মেয়াদ (মূল বাস্তবায়ন-কালের %)
মূল (মোট জিওবি প্রঃসাঃ)	সংশোধিত (মোট জিওবি প্রঃসাঃ)		মূল	সংশোধিত			
৩০৮০.০০	৪৭২৮.০০	৪৩৪৫.৬৭	জুলাই/২০১৩ হতে জুন/২০১৭	জুলাই /২০১৩ হতে জুন/২০২০	জুলাই /২০১৩ হতে জুন/২০২০	১৬৪৮ (৫৩.৫০%)	৭৫%

৫.০ প্রকল্পের বিভিন্ন অংগের বাস্তবায়ন অগ্রগতি (পিসিআর এ প্রদত্ত তথ্যের ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্র:	অঙ্গের নাম	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি মোতাবেক		অগ্রগতি	
			পরিমাণ	মোট টাকা	পরিমাণ (বাস্তব) %	মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭
১.	মূল বেতন	৪৫ জন	৪৫ জন	২০৮.০০	৪৫ জন	১৫৫.৯২
২.	কর্মচারিদের অন্যান্য ভাতা	৪৫ জন	৪৫ জন	১৯০.৫০	৪৫ জন	১৪৪.৫৬
৩.	ভ্রমণ ভাতা	থোক	থোক	১১৫.০০	-	১১০.০০
৪.	কন্টিজেন্সী স্টাফ (অফিস ঝাড়ুদার, কুক এবং অন্যান্য)	থোক	থোক	৩০.০০	-	২৯.৯৭
৫.	ওভার টাইম	থোক	থোক	৫.০০	-	৫.০০
৬.	সম্প্রসারণ এলাকাসমুহের অফিস ভাড়া	থোক	থোক	২৮.৫০		২৮.৫০
৭.	ডাক	থোক	থোক	২.০০		২.০০
৮.	টেলিফোন	থোক	থোক	৫.০০		৩.০০
৯.	পানি	থোক	থোক	১.০০		০.০০
১০.	বিদ্যুৎ	থোক	থোক	৩৬.০০		৩৫.২৮
১১.	গাড়ীর জ্বালানী	থোক	থোক	৪৪.০০০		৩৪.০৯
১২.	ছাপা,মনোহারী ও বইপত্র সাময়িকী	থোক	থোক	৬.০০		২৬.০০
১৩.	রেশম বীজগারসমূহের তুঁত জমির উন্নয়ন রক্ষণাবেক্ষণ	৩৮০বিঘা	৩৮০বিঘা	৪১৬.৪৪	৩৮০বিঘা	৪১৬.৪৪
১৪.	তুঁত চাষ, পলু পালন ও রিলিং এর ওপর বসনী প্রশিক্ষণ	৩৮৫০ জন	৩৮৫০ জন	১৮১.৪৬	৩৮৫০ জন	১৮১.৪৬
১৫.	বাংলাদেশ রেশম বোর্ডের কর্মচারীর প্রশিক্ষণ	৩০জন	৩০জন	৩.০০	৩০জন	৩.০০

ক্র:	অঙ্গের নাম	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি মোতাবেক		অগ্রগতি	
			পরিমাণ	মোট টাকা	পরিমাণ (বাস্তব) %	মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭
১৬.	আন্তর্জাতিক সেমিনার এবং ভ্রমণ অভিজ্ঞতা বিনিময়, সিম্পোজিয়াম, আন্তর্জাতিক সিল্ক/তন্ত মেলায় অংশগ্রহণ	২৫জন	২৫জন	৬০.০০	২৪জন	৫৯.৪০
১৭.	আপ্যায়ন	থোক	থোক	৩.০০		৩.০০
১৮.	রাসায়নিক বিশোধক ইত্যাদি	থোক	থোক	১০.০০		১০.০০
১৯.	বীজগুটি ও রোগমুক্ত ডিম উৎপাদন	৩০০০০ কেজি/ ১৩.০০ লক্ষ	৩০০০০ কেজি/ ১৩.০০ লক্ষ	২৪০.০০	৩০৭০২ কেজি/ ১৬.৬৫ লক্ষ	২৪০.০০
২০.	আশ্রয়ন/প্রকল্প ২টি (প্রতি রেশম পল্লী ৬.৮০ লক্ষ টাকা)	০২টি	০২টি	১৩.৬০	০২টি	১০.৭৩
২১.	বিভিন্ন এলাকায় ১৫টি আইডিয়াল রেশম পল্লী স্থাপন (প্রতি পল্লী ৪২.৬৪৫ লক্ষ টাকা)	১৫টি	১৫টি	৬৬১.২৮	১৫টি	৬২৫.০০
২২.	তুঁত চারা উৎপাদন ও বিতরণ (পরিবহন ভাড়াসহ)	১৭ লক্ষ	১৭ লক্ষ	১৬৯.২৬	২২.২৫ লক্ষ	১৬৯.২৪
২৩.	রোপিত তুঁতচারার পরিচর্যার জন্য আর্থিক সহায়তা	২০১০ জন	২০১০ জন	৬৩.৬০	১৮৫০ জন	৫০.০১
২৪.	বসনীদের পলুঘর নির্মাণে আর্থিক সহায়তা	১৫০০ জন	১৫০০ জন	৬০০.০০	১২৮৬ জন	৫১৪.৪০
২৫.	বসনিদের পলুপালন সরঞ্জামাদি প্রদনে আর্থিক সহায়তা	ডালা-২৫৮০০, চন্দ্রকী-২৫৮০০, নেট-২৫৮০০	ডালা-২৫৮০০, চন্দ্রকী-২৫৮০০, নেট-২৫৮০০	১৭৩.০৬	ডালা-২৩০০০, চন্দ্রকী-২৩০০০, নেট-২৪২০০	১৪৯.৮৬
২৬.	রেশম গুটি বাজারজাতকরনে আর্থিক সহায়তা	৩২৮৫৭ কেজি	৩২৮৫৭ কেজি	১০৫.০০	৩৩৩২৫ কেজি	১০৫.০০
২৭.	চাকী পলু (রেশম পোকা) উৎপাদন	১২ লক্ষ	১২ লক্ষ	৩০.০০	১০.৯২ লক্ষ	২৫.০০
২৮.	ব্লক পদ্ধতিতে তুঁত চারা রোপন (৩.০০লক্ষ)	৩.০০ লক্ষ	৩.০০ লক্ষ	৬১৭.৪১	৩.০০ লক্ষ	৫৪২.১৫
২৯.	কর্মশালা ও বানিজ্য মেলা এবং প্রদর্শনী মেলা ইত্যাদি	থোক	থোক	২৬.০০		৫.৮১
৩০.	নিরাপত্তা (বীজাগার, মিনিফিলেচার, চাকী সেন্টার ও অন্যান্য অফিস)	থোক	থোক	৫০.০০		৫০.০০
৩১.	সম্মানী ভাতা	থোক	থোক	৫.৯০		৫.৬১
৩২.	অডিট ও অডিট ফি	থোক	থোক	০.৩৯		০.৩৯
৩৩.	মটরযান	থোক	থোক	১০.২৪		৮.৪৯
৩৪.	কম্পিউটার	থোক	থোক	৩.০০		৩.০০
৩৫.	অফিস সরঞ্জামাদি	থোক	থোক	২.২৬		২.২৬
৩৬.	যন্ত্রপাতি ও সরঞ্জামাদি	থোক	থোক	৪.৫০		৩.৪৫
৩৭.	৫টি নার্সারীর যন্ত্রপাতি, গভীর নলকুপ, রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ের রেষ্ট হাউজ মেরামত, সংস্কার ও সম্প্রসারণ।	০৫টি/ লামসাম	০৫টি/ লামসাম	৮৫.০০	০৫টি/ লামসাম	৮৪.৭৭
৩৮.	২টি চাকী সেন্টার মেরামত ও সম্প্রসারণ, সীমানা প্রাচীর ও বেড়াসহ (বাগবাটি চাটমোহর) এবং ০১টি আভ্যন্তরীন রাস্তা মেরামত (ঠাকুরগাঁও), ০১টি মিনিফিলেচার কেন্দ্রের মেরামত ও সম্প্রসারণ (দৌলতপুর, বড়বাড়ী)।	৫টি	৫টি	৭৭.০০	৫টি	৭৭.০০
৩৯.	৫টি নার্সারীর আভ্যন্তরীন রাস্তা মেরামত,সংস্কার ও সমপ্রসারণ।	৫টি/ ৬০০০বঃমিঃ	৫টি/ ৬০০০বঃমিঃ	৭০.০০	৫টি/ ৬০০০বঃমিঃ	৬৯.৯৮

ক্র:	অঙ্গের নাম	একক	সর্বশেষ অনুমোদিত ডিপিপি মোতাবেক		অগ্রগতি	
			পরিমাণ	মোট টাকা	পরিমাণ (বাস্তব) %	মোট টাকা
১	২	৩	৪	৫	৬	৭
৪০.	রংপুর নার্সারীর সীমানা প্রাচীর মেরামত, সংস্কার ও সম্প্রসারণ	১৫৬০ বঃমিঃ	১৫৬০ বঃমিঃ	১৫.০০	১৫৬০ বঃমিঃ	১৫.০০
	উপমোটঃ (রাজস্ব)			**৪৩৬৭.৪০**		**৪০০৪.৭৭**
	মূলধনঃ					
৪১.	প্রধান কার্যালয়, জেলা রেশম সম্প্রসারণ কার্যালয় এবং বীজাগারের জন্য যন্ত্রপাতি	থোক	থোক	৬০.৩১	-	৬০.৩১
৪২.	আসবাবপত্র	থোক	থোক	৭.১৪	-	৬.৮২
৪৩.	চাঁপাইনবাবগঞ্জ রেশম বীজাগারে দ্বিতল রিয়ারিং ভবন নির্মাণ (৪৪০বঃ মিঃ)	৪৪০ বঃমিঃ	৪৪০ বঃমিঃ	৬০.০০	৪৪০ বঃমিঃ	৫৯.৯৯
৪৪.	রংপুর রেশম বীজাগারে দ্বিতল আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।	৪০০ বঃমিঃ	৪০০ বঃমিঃ	৬০.০০	৪০০ বঃমিঃ	৫৯.৯৯
৪৫.	৩টি স্পিনিং শেড নির্মাণ (ভোলাহাট, মীরগঞ্জ, ঈশ্বরদী)।	৩টি/ ৩৭৮ বঃমিঃ	৩টি/ ৩৭৮ বঃমিঃ	৩৬.০০	৩টি/ ৩৭৮ বঃমিঃ	৩৫.৭৯
৪৬.	সীমানা প্রাচীরসহ অফিস-কাম-চাকী পলু পালন কেন্দ্র নির্মাণ দৌলতপুর (কুষ্টিয়া), আলোকদিয়া (মেহেরপুর), পঞ্চগর ও ফরিদপুর চাকী সেন্টারের সীমানা প্রাচীর।	৫টি সীমানা-১০২২বঃমিঃ	৫টি সীমানা-১০২২বঃমিঃ	৬৯.০০	৫টি সীমানা-১০২২বঃমিঃ	৬৯.০০
৪৭.	সীমানা প্রাচীর নির্মাণ (সাদামহল, ব্রাম্ভণভিটা এবং রাজবাড়ী এবং (মীরগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ) এর ভাঙ্গা সীমানা প্রাচীর নির্মাণ।	৫টি/ ৯৪৫ বঃমিঃ	৫টি/ ৯৪৫ বঃমিঃ	৪৯.০০	৫টি/ ৯৪৫ বঃমিঃ	৪৯.০০
	উপমোটঃ (মূলধন)			**৩৪১.৪৫**		**৩৪০.৯০**
	(গ) ফিজিক্যাল কন্টিনজেন্সী			৬.৫০		০.০০
	(ঘ) প্রাইস কন্টিনজেন্সী			১২.৬৫		০.০০
	সর্বমোট (ক+খ+গ+ঘ)			**৪৭২৮.০০**		**৪৩৪৫.৬৭**

৬.০ সাধারণ পর্যবেক্ষণঃ

৬.১ প্রকল্পের উদ্দেশ্যঃ

- রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নে সরকারি, বেসরকারি ও এনজিওদের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে দারিদ্র বিমোচন করা;
- সরকারি ও এনজিও পর্যায়ে উন্নয়ন এবং উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে সারাদেশে রেশম চাষের ব্যাপক বিস্তার ঘটানো;
- ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের উচ্চফলনশীল তুঁতবাগান তৈরী এবং উন্নতমানের রেশম গুটি উৎপাদনে সহায়তা প্রদানসহ তাদেরকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে মডেল হিসেবে ১৭টি রেশম পল্লী (২টি আশ্রায়ন/আবাসন ও ১৫টি আইডিয়াল রেশম পল্লী) স্থাপন;
- দেশে তুঁতচাষ বৃদ্ধিসহ রেশম গুটি ও সূতা উৎপাদন কাজে নিয়োজিত তুঁতচাষী/ রেশম শিল্পে নিয়োজিত সংশ্লিষ্টদের উপযুক্ত সহায়তা প্রদান এবং রেশম পণ্য বাজারজাতকরণের সুযোগ সৃষ্টিকরণ;
- রেশম শিল্পের বিভিন্ন পর্যায়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৩৮৮০ জনকে দেশে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;
- রেশম চাষ ও শিল্পের সম্প্রসারণের মাধ্যমে ৫০,০০০ হতদরিদ্র লোক বিশেষত: মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দারিদ্র বিমোচনে সহায়তাকরণ;
- রেশম চাষীদের মাঝে সুস্থ ও সবল চাকী পলুপোকা বিতরণের লক্ষ্যে ৮টি চাকী পলুপালন কেন্দ্রের সম্প্রসারণ ও সংস্কারকরণ।

৬.২ প্রকল্প গ্রহণের পটভূমিঃ

দেশে রেশম চাষ ও রেশম শিল্পের সার্বিক উন্নয়নের লক্ষ্যে "Integrated Plan for Extension and Development of Sericulture in Bangladesh" শীর্ষক প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ৩৩.৮৬ কোটি টাকা (জিওবি আরডিপিপি অনুযায়ী) এবং বাস্তবায়নকাল জুলাই,২০১৩ হতে জুন, ২০১৮ পর্যন্ত। প্রকল্পটির উপর সর্বশেষ পরিকল্পনা কমিশনে ১৩/০১/২০১৩ তারিখ অনুষ্ঠিত প্রজেক্ট মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় কিছু কিছু ক্ষেত্রে ডিপিপি সংশোধনের সিদ্ধান্ত গ্রহণপূর্বক প্রকল্প এলাকার গ্রামীণ হতদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান ও আর্থিক উন্নয়নের লক্ষ্যে প্রকল্পটি গ্রহণের সুপারিশ করা হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পূর্ণগঠন করা হয় এবং ১৮.০৬.২০১৩ তারিখে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) সভায় প্রকল্পটি অনুমোদিত হয়। প্রকল্পটি সর্বশেষ ২০১৭ সালে ১০% এর মধ্যে ব্যয় বৃদ্ধিপূর্বক মাননীয় মন্ত্রী মহোদয়ের অনুমোদনক্রমে ১ম সংশোধন করা হয়। পরবর্তীতে প্রকল্পের কিছু কম্পোনেন্ট সংশোধন পূর্বক ২ (দুই) বছর অর্থাৎ জুলাই-২০১৩-জুন-২০১৮ এর পরিবর্তে জুলাই-২০১৩-জুন-২০২০ পর্যন্ত মেয়াদ বৃদ্ধিপূর্বক ২য় সংশোধন পরিকল্পনা কমিশনের ০৯/১২/২০১৮ তারিখের ২০.০৫.০০০০.৪৩১.০১৪.০১৯.১৮ (অংশ-৩)/১১০ নং স্মারকে অনুমোদিত হয়।

৬.৩ প্রকল্পের অনুমোদন অবস্থাঃ

প্রকৃত বাস্তবায়নকাল : জুলাই'২০১৩-জুন'২০২০ (অনুমোদনের তারিখ : ১৮/০৬/২০১৩)
মূল : জুলাই'২০১৩-জুন'২০১৭ (অনুমোদনের তারিখ : ১৫/০২/২০১৭)
সর্বশেষ সংশোধিত : জুলাই'২০১৩-জুন'২০২০ (অনুমোদনের তারিখ : ০৯/১২/২০১৮)

৬.৪ প্রকল্পের মূল কার্যক্রম ও অনুমোদিত আরডিপিপি অনুযায়ী প্রাক্কলিত ব্যয়ঃ (প্রকল্প পরিচালক থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী)

প্রকল্পের আওতায় মূল কার্যক্রম এবং এর বিপরীতে অনুমোদিত আরডিপিপি অনুযায়ী ব্যয় প্রাক্কলন নিম্নে প্রদর্শিত হল।

ক্রঃ নং	অংগের নাম	পরিমাণ	প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা)
১	তুঁতজমি রক্ষণাবেক্ষণ	৩৮০বিঘা	৪১৬.৪৪
২	তুঁতচারা উৎপাদন ও বিতরণ	১৭.০০ লক্ষ	১৬৯.২৬
৩	রেশমগুটি/রোগমুক্ত ডিম উৎপাদন	৩০ হাজার কেজি/ ১৩.০০ লক্ষ	**২৪০.০০**
৪	আইডিয়াল রেশম পল্লী স্থাপন	১৫ টি	৬৬১.২৮
৫	ব্লক পদ্ধতিতে তুঁত চারা রোপন (৩০০টি)	৩.০০ লক্ষ	৬১৭.৪১
৬	চাষী, বসনী ও রিলারকে প্রশিক্ষণ প্রদান	৩৮৫০ জন	১৮১.৪৬
৭	পলুঘর নির্মাণে আর্থিক সহায়তা	১৫০০ টি	৬০০.০০
৮	রেশমগুটি বাজারজাতকরণে আর্থিক সহায়তা	৩২৮৫৭ কেজি	**১০৫.০০**
৯	চাঁপাইনবাবগঞ্জ রেশম বীজাগারে দ্বিতল রিয়ারিং ভবন নির্মাণ	৪৪০ বঃমিঃ	৬০.০০
১০	রংপুর রেশম বীজাগারে দ্বিতল আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ।	৪০০ বঃমিঃ	৬০.০০
১১	৩টি স্পিনিং শেড নির্মাণ ,মীরগঞ্জ ,ভোলাহাট) (ঈশ্বরদী।	০৩টি	৩৬.০০

৬.৫ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
১	মোঃ সেরাজুল ইসলাম সদস্য, (সম্প্রসারণ ও প্রেষণা,অর্থ ও পরিকল্পনা, উৎপাদন ও বাজারজাতকরণ)	অতিরিক্ত	১৮/০৬/২০১৩ হতে ১৫/০৮/২০১৭ পর্যন্ত
২	এম এ মান্নান	অতিরিক্ত	১৬/০৮/২০১৭ হতে

ক্রঃনং	কর্মকর্তার নাম ও পদবী	দায়িত্বের ধরণ	মেয়াদকাল
	সদস্য, (সম্প্রসারণ ও প্রেষণা)		৩০/০৬/২০২০ পর্যন্ত

৬.৬ মুল্যায়ন পদ্ধতি (Methodology):

মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি (Methodology) অনুসারণ করা হয়েছে :

(ক) মূল ডিপিপি, সংশোধিত ডিপিপি, মনটরিং রিপোর্ট ও বিভিন্ন সভায় প্রকাশিত প্রতিবেদন পর্যালোচনা;
(খ) মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনা;
(গ) Project Implementation Committee (PIC), Project Steering Committee (PSC) সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ সভার কার্যবিবরণী পর্যালোচনা ;
(ঘ) কাজের মান ও বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিনে পরিদর্শন; এবং
(ঙ) প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

৭.০ **প্রকল্পের আর্থিক ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:** (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী)।

৭.১। **আর্থিক অগ্রগতি:** (বছর ভিত্তিক)

(লক্ষ টাকায়)

আর্থিক বৎসর	সংশোধিত বরাদ্দ ও লক্ষ্যমাত্রা			ব্যয় ও বাস্তব অগ্রগতি			
	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	মোট	টাকা (জিওবি)	প্রঃ সাহায্য	বাস্তব (%)
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০১৩-১৪	৫০.০০	৫০.০০		৫০.০০	৫০.০০		১%
২০১৪-১৫	৪৫০.০০	৪৫০.০০		৪৪৪.৯২	৪৪৪.৯২		১০%
২০১৫-১৬	৯০০.০০	৯০০.০০		৮৮৪.৫৬	৮৮৪.৫৬		২০%
২০১৬-১৭	৯০০.০০	৯০০.০০		৮৪৭.৭৭	৮৪৭.৭৭		১৮%
২০১৭-১৮	৮৬০.০০	৮৬০.০০		৮৫৯.৬৮	৮৫৯.৬৮		১৯%
২০১৮-১৯	৬০০.০০	৬০০.০০		৫৯৭.০৬	৫৯৭.০৬		১৩%
২০১৯-২০	৭৮৫.০০	৭৮৫.০০		৬৬১.৬৮	৬৬১.৬৮		১৪%
মোট=	৪৫৪৫.০০	৪৫৪৫.০০		৪৩৪৫.৬৭	৪৩৪৫.৬৭		৯৬%

- প্রকল্প পরিচালক জানান যে প্রকল্প বাস্তবায়নকালে ৪৫৪৫.০০ লক্ষ টাকা বরাদ্দের অনুকূলে মোট ৪৪২৩.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয় এবং ব্যয় করা হয়ে ৪৩৪৫.৬৭ লক্ষ টাকা অব্যয়িত ৭৭.৩৩ লক্ষ টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে (চালানের ফটোকপি সংযুক্ত)।

৭.২। **অঙ্গভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতিঃ**

(ক) রেশম সম্প্রসারণ কার্যক্রম :

ক্রঃ নং	বিবরণ	একক	প্রাক্কলিত ব্যয়	আর্থিক অগ্রগতি	বাস্তব অগ্রগতি
১	২	৩	৪	৫	৬
ক)	তুঁতজমি রক্ষণাবেক্ষণ	৩৮০বিঘা	৪১৬.৪৪	৪১৬.৪৪	৩৮০বিঘা
খ)	তুঁতচারা উৎপাদন ও বিতরণ	১৭.০০ লক্ষ	১৬৯.২৬	১৬৯.২৪	২২.২৫ লক্ষ
গ)	রেশমগুটি/রোগমুক্ত ডিম উৎপাদন	৩০ হাজার কেজি/ ১৩.০০ লক্ষ	**২৪০.০০**	**২৪০.০০**	৩০৭০২ কেজি/ ১৬.৬৫ লক্ষ
ঘ)	আইডিয়াল রেশম পল্লী স্থাপন	১৫ টি	৬৬১.২৮	৬২৫.০০	১৫ টি
ঙ)	ব্লক পদ্ধতিতে তুঁত চারা রোপন (৩০০টি)	৩.০০ লক্ষ	৬১৭.৪১	৫৪২.১৫	৩.০০ লক্ষ
চ)	চাষী,বসনী ও রিলারকে প্রশিক্ষণ প্রদান	৩৮৫০ জন	১৮১.৪৬	১৮১.৪৬	৩৮৫০ জন
ছ)	পলুঘর নির্মাণে আর্থিক সহায়তা	১৫০০ টি	৬০০.০০	৫১৪.৪০	১২৮৬ টি
জ)	রেশমগুটি বাজারজাতকরণে আর্থিক সহায়তা	৩২৮৫৭ কেজি	**১০৫.০০**	**১০৫.০০**	৩৩৩২৫ কেজি

(খ) পূর্ত ও নির্মাণ কাজের বাস্তব অগ্রগতিঃ

ক্রঃ নং	নির্মাণ কাজের নাম (সকল অংগের)	একক	প্রাক্কলিত ব্যয়	প্রকৃত ব্যয়	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
ক)	৫টি নার্সারীর যন্ত্রপাতি,গভীর নলকুপ , রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ের রেষ্ট হাউজ মেরামতসংস্কার ও , সম্প্রসারণ	৫টি লাম-সাম	৮৫.০০	৮৫.০০	১০০% কাজ সম্পন্ন
খ)	রংপুর নার্সারীর সীমানা প্রাচীর, মেরামত, সংস্কার ও সম্প্রসারণ	১৫৬০ বর্গমিটার	১৫.৭৯	১৫.০০	১০০% কাজ সম্পন্ন
গ)	রংপুর রেশম বীজাগারে দ্বিতল আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ	৪০০ বর্গমিটার	৬৩.১৫	৫৯.৯৯	১০০% কাজ সম্পন্ন
ঘ)	৫টি নার্সারীর আভ্যান্তরীন রাস্তা মেরামত, সংস্কার ও সম্প্রসারণ	৬০২০ বর্গমিটার	৭৩.৬৮	৬৯.৯৯	১০০% কাজ সম্পন্ন
ঙ)	২টি চাকী সেন্টার মেরামত ও সম্প্রসারণসীমানা প্রাচীর ও , টি আভ্যন্তরীন রাস্তা ০১এবং (বাগবাটি চাটমোহর) বেড়াসহ ,(ঠাকুরগাঁও) মেরামত০১টি মিনিফিলেচার কেন্দ্রের মেরামত ও সম্প্রসারণ (বড়বাড়ী ,দৌলতপুর)।	৫টি লাম-সাম	৭৭.০০	৭৭.০০	১০০% কাজ সম্পন্ন
চ)	চাঁপাইনবাবগঞ্জ রেশম বীজাগারে দ্বিতল রিয়ারিং ভবন নির্মাণ	৪৪০ বর্গমিটার	৬৩.১৫	৫৯.৯৯	১০০% কাজ সম্পন্ন
ছ)	৩টি স্পিনিং শেড নির্মাণ (ঈশ্বরদী ,মীরগঞ্জ ,ভোলাহাট)।	৩টি	৩৬.০০	৩৫.৭৯	১০০%কাজ সম্পন্ন
জ)	সীমানা প্রাচীর নির্মাণ ব্রাম্ভণভিটা এবং রাজবাড়ী ,সাদামহল) এর ভাঙ্গা সীমানা প্রাচীর (মীরগঞ্জ ও চাঁপাইনবাবগঞ্জ) এবং নির্মাণ।	৫টি	৫১.০০	৪৯.০০	১০০% কাজ সম্পন্ন

(গ) প্রকল্পে সংগ্রহ/ক্রয়কৃত মেশিনারিজ, যন্ত্রপাতি ও সরঞ্জামাদির তথ্যঃ

যন্ত্রপাতি/সরঞ্জামাদির নাম	পরিমাণ	সরবরাহকৃত অফিসের নাম	মন্তব্য
ইনকিউবেটর	২টি	পি-৩ কেন্দ্র এবং ভোলাহাট নার্সারী	বর্ণিত বীজাগারে ব্যবহৃত হচ্ছে।
কম্পিউটার সেট	১০টি	বস্ত্র ও পাট মন্ত্রণালয়-০১টি, প্রধান কার্যালয়ে-০২টি, রিজিয়ন অফিস-০২টি, জেলা কার্যালয়-০৫টি,	বর্ণিত কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে।
ল্যাপটপ	০১টি	প্রকল্প পরিচালক	বর্ণিত কর্মকর্তা ব্যবহার করেছেন।
ডিহিউমিডিফায়ার	০৫টি	ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ, ঈশ্বরদী, রাজশাহী নার্সারী	বর্ণিত বীজাগারে ব্যবহৃত হচ্ছে।
ডালা	৪০০টি	বিভিন্ন বীজাগার	বর্ণিত বীজাগারে ব্যবহৃত হচ্ছে।
চন্দ্রকী	১০০০টি	বিভিন্ন বীজাগার	
জিআইঘরা	১৬টি	মীরগঞ্জ-০৪টি, বড়বাড়ি-০৪টি, রানিসংকৈল-০৪টি, ঝিনাইদহ-০৪টি	
জিআইট্রে	১২৮টি	মীরগঞ্জ-২৮টি, বড়বাড়ি-৪৮টি, রানিসংকৈল-৩২টি, ঝিনাইদহ-২০টি	বর্ণিত কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে।
মটরসাইকেল	১০টি	ঠাকুরগাঁও-১টি, গোপালগঞ্জ-১টি, গাজীপুর-১টি, সিরাজগঞ্জ-১টি, রাজশাহী-২টি, বগুড়া-০১টি, যশোর-১টি, রংপুর- ০১টি, কুমিল্লা-০১টি	বর্ণিত কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে।
বাইসাইকেল	২৫টি	রাজশাহী-৫টি, রংপুর-০৪টি. যশোর-৩টি, ভোলাহাট-০১টি, বগুড়া-৪টি, ঠাকুরগাঁও-০৩টি, গোপালগঞ্জ-০২টি. গাজীপুর-০২টি, কুমিল্লা-০১টি	বর্ণিত কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে।

৮.০। **প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ** (প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী)

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নে	প্রকল্প চলাকালীন সময়ে ৬৭৭.৪০৯ মে. টন রেশমগুটি উৎপাদিত হয়েছে।

পরিকল্পিত উদ্দেশ্য	প্রকৃত অর্জন
সরকারি, বেসরকারি ও এনজিওদের সক্রিয় অংশ গ্রহণের মাধ্যমে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার আলোকে দারিদ্র বিমোচন করা;	উৎপাদিত গুটি থেকে ১২ টি সরকারী মিনেফিলেচারে প্রক্রিয়াজাত করে ৬.৩২ মে.টন কাঁচা রেশম উৎপাদিত হয়েছে। এই কাঁচা রেশম বাজার দরে বিক্রি হয়েছে এবং আংশিক রাজশাহী রেশম কারখানায় ব্যবহার করা হয়েছে। রাজশাহী রেশম কারখানার ৩৮টি লুমের মধ্যে ০৬ লুম পরীক্ষামূলক ভিত্তিতে পর্যায়ক্রমে চালু রাখা হয়েছে। ইতিমধ্যে কারখানায় ৯৩৮২ মিটার সিল্ক বস্ত্র তৈরি হয়েছে। আইডিয়াল রেশম পল্লীতে ১১২১ জন রিয়ারার তৈরি করা হয়েছে। ৩০০ টি ব্লকে ১৫০০ জন তুঁত চাষী সৃষ্টি হয়েছে। ২৪০৭ টি পলুঘর তৈরি করে বসনীদের মাঝে বিতরণ করা হয়েছে।
সরকারি ও এনজিও পর্যায়ে উন্নয়ন এবং উদ্বুদ্ধকরণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে সারাদেশে রেশম চাষের ব্যাপক বিস্তার ঘটানো;	প্রকল্পের চলাকালীন সময়ে ২২.২৫ লক্ষ তুঁত চারা এবং ১৬.৬৫ লক্ষ রোগমুক্ত রেশম ডিম উৎপাদন করে চাষী/বসনী এবং এনজিওগুলির (বেশিরভাগ ব্র্যাক) মধ্যে বিতরণ করা হয়েছে। ১১৫৪৩৬৯ উচ্চ ফলনশীল তুঁত গাছ / হাইবুশ রোপন করা হয়েছে। প্রকল্পের চলাকালীন সময়ে উচ্চমানের ৬৭৭.৪০৯ মে. টন রেশম গুটি উৎপাদিত হয়েছে। ১৮৫০ জন কৃষককে তুঁত চারা রোপণের জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়েছে। এছাড়াও প্রতি বছর ব্র্যাককে ৭০০০ টি রোগমুক্ত রেশম ডিম দেওয়া হয়েছে।
ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের উচ্চফলনশীল তুঁতবাগান তৈরী এবং উন্নতমানের রেশম গুটি উৎপাদনে সহায়তা প্রদানসহ তাদেরকে উদ্বুদ্ধকরণের লক্ষ্যে দেশের বিভিন্ন স্থানে মডেল হিসেবে ১৭টি রেশম পল্লী (২টি আশ্রায়ন/ আবাসন ও ১৫টি আইডিয়াল রেশম পল্লী) স্থাপন;	প্রকল্পের চলাকালীন সময়ে ১৭ টি রেশম পল্লী প্রতিষ্ঠিত হয়েছে। এর মধ্যে ২ টি অশ্রায়ন / আবাসন পল্লী প্রতিষ্ঠিত হয়েছে। এখানে ২৫জন রিয়ারার তৈরি করা হয়েছে। ৪৪৫০ টি উচ্চ ফলনশীল তুঁত গাছ রোপন করা হয়েছে। ২.৮৫২ মে. টন রেশম গুটি উৎপাদিত হয়েছে। ১৫ টি আদর্শ রেশম পল্লী প্রতিষ্ঠিত হয়েছে। ১১২১ জন রিয়ারার রেশম চাষের জন্য উপযুক্ত হয়েছে। ৪৭৪৭৩৬টি উচ্চ ফলনশীল তুঁত গাছ / হাইবুশ রোপন করা হয়েছে এবং ২৫৫.৪৯১ মে. টন রেশম গুটি উৎপাদিত হয়েছে।
দেশে তুঁতচাষ বৃদ্ধিসহ রেশম গুটি ও সূতা উৎপাদন কাজে নিয়োজিত তুঁতচাষী/ রেশম শিল্পে নিয়োজিত সংশ্লিষ্টদের উপযুক্ত সহায়তা প্রদান এবং রেশম পণ্য বাজারজাতকরণের সুযোগ সৃষ্টিকরণ;	কৃষকদের চাহিদার ভিত্তিতে তাদের মধ্যে ১৬.৬৫ লক্ষ টি রোগমুক্ত রেশম ডিম উৎপাদন ও বিতরণ করা হয়েছে। প্রকল্পের চলাকালীন সময়ে বিভিন্ন রেশম সম্প্রসারণ কেন্দ্র এবং উপকেন্দ্রগুলিতে ৬৭৭.৪০৯ মে.টন রেশম গুটি উৎপাদিত হয়েছে। ২০০০ জন চাষীকে ২৩০০০ ডালা , ২৩০০০ চন্দ্রকি, ২৪২০০ নেট এবং প্রয়োজনীয় জীবাণুমুক্ত বিশোধক সরবরাহ করা হয়েছে। পলু পালনের জন্য ২০০০ জন বসনীকে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। ৩৩৩৫০ কেজি রেশম গুটি ক্রয় করে প্রক্রিয়াজাত করা হয়েছে।
রেশম শিল্পের বিভিন্ন পর্যায়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ৩৮৮০ জনকে দেশে উপযুক্ত প্রশিক্ষণের ব্যবস্থাকরণ;	৩৮৮০ জন রেশম চাষীকে রেশম চাষ ও রেশম শিল্পের বিভিন্ন পর্যায়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়াও বিএসডিবি, বিএসআরটিআই, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, আইএমইডির ২৫ জন কর্মকর্তা থাইল্যান্ড এবং ভারতে সেরিকালচার এবং রেশম শিল্পের উন্নয়ন ও বিকাশের জন্য বৈদেশিক শিক্ষা সফরে অংশগ্রহণ করেছে।
রেশম চাষ ও শিল্পের সম্প্রসারণের মাধ্যমে ৫০,০০০ হতদরিদ্র লোক বিশেষত: মহিলাদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টিসহ দারিদ্র বিমোচনে সহায়তাকরণ;	প্রত্যক্ষ ও পরোক্ষভাবে প্রায় ৫০,০০০ জন দারিদ্র সীমার নিম্নে বসবাসরত গ্রামীণ মানুষ, বিশেষত মহিলারা তুঁত গাছের রোপন, রেশমকীট পালন, রিলিং, বয়ন এবং মুদ্রণের মতো বিভিন্ন অংশে যুক্ত থেকে কর্মসংস্থানের সুযোগ করে নিয়েছে।
রেশম চাষীদের মাঝে সুস্থ ও সবল চাকী পলুপোকা বিতরণের লক্ষ্যে ৮টি চাকী পলুপালন কেন্দ্রের সম্প্রসারণ ও সংস্কারকরণ।	বিভিন্ন অঞ্চলে ০৮ (আট) টি চাকী পালন কেন্দ্রের সম্প্রসারণ ও সংস্কার কাজ করা হয়েছে। এর ফলে চাকী রেশম-কীটের স্বাস্থ্যকর ব্যাচ বাড়ানোর মাধ্যমে রেশম চাষ ব্যাপক সম্প্রসারণ হয়েছে। এটি সমগ্র বাংলাদেশ জুড়ে রেশম চাষের সম্প্রসারণের জন্য ইতিবাচক প্রভাব ফেলেছে।

৯.০। **প্রকল্পের প্রত্যক্ষ ও পরোক্ষ প্রভাবঃ**.

প্রত্যক্ষ প্রভাব :

এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ৩০০টি তুঁত ব্লকে ৩.০০ লক্ষ তুঁতগাছ রোপন করা হয়েছে। বর্ণিত ব্লকে ১৫০০জন রেশম চাষী সৃষ্টি হয়েছে। ১৫টি আইডিয়াল রেশম পল্লী স্থাপন করা হয়েছে। ৫.৯৭ লক্ষ তুঁতগাছ রোপন করা হয়েছে। বর্ণিত পল্লীতে ১১২১জন চাষী সৃষ্টি হয়েছে। ৩৮৫০জন চাষী/বসনিকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মাধ্যমে রেশম চাষে সক্ষমতা বৃদ্ধি পেয়েছে। এ প্রকল্পে বসনীদের মাঝে ২৪০৭টি পলুঘর প্রদান করা হয়েছে। আমার বাড়ি আমার খামার সহ সম্প্রসারণ এলাকায় ২১৭১জন রেশম চাষী সৃষ্টি হয়েছে।

পরোক্ষ প্রভাব :

এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দরিদ্র মানুষের কর্মসংস্থান সৃষ্টি, নারীর ক্ষমতায়ন, তাদের জীবনমান উন্নয়ন, তুঁতগাছ রোপনের ম্যাধমে পরিবেশের উপর ইতিবাচক প্রভাব পড়েছে। প্রশিক্ষিত চাষী/বসনীদের অর্জিত জ্ঞানের মাধ্যমে রেশম চাষের সক্ষমতা বৃদ্ধি পেয়েছে এবং এ অর্জিত জ্ঞান ভবিষ্যতে রেশম চাষ সম্প্রসারণে সহায়ক ভূমিকা রাখবে।

১০.০। **মনিটরিং :** প্রকল্প পরিচালকের নির্দেশনা মোতাবেক রেশম উন্নয়ন বোর্ডের কর্মকর্তাগণ প্রকল্পটি পরিদর্শন ও তদারকি করেন। এছাড়া বস্ত্র ও পাট মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন ও আইএমইডির কর্মকর্তাগণ প্রকল্প বাস্তবায়নকালীন সময়ে পরিদর্শন করেছেন। প্রকল্প সমাপ্তির পর বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সদস্য (উৎপাদন ও বাজারজাতকরণ) এর নেতৃত্বে ০৯ সদস্য বিশিষ্ট কমিটি কর্তৃক প্রকল্পটি মূল্যায়ন করা হয়। কমিটির মূল্যায়ন প্রতিবেদন সংযুক্ত করা হলো।

১১.০। **কাজ অসমাপ্ত থাকলে তার বিবরণঃ**

প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রকল্পের সকল কার্যক্রম সমাপ্ত হয়েছে।

১২.০। **অডিট সম্পর্কিত তথ্য** :

(ক) অভ্যন্তরীণ অডিট : প্রকল্প পরিচালক জানান যে, ২০১৩ থেকে ২০১৮-২০১৯ পর্যন্ত আভ্যন্তরীণ অডিট সম্পন্ন হয়েছে। আভ্যন্তরীন অডিটে এ প্রকল্প সংক্রান্ত কোন অডিট আপত্তি পাওয়া যায় নাই। প্রকল্প পরিচালক হতে সরকারি ই-মেইলে প্রাপ্ত অডিট রিপোর্ট এবং প্রত্যায়নপত্র অত্র সাথে সংযুক্ত।

(খ) এক্সটার্নাল অডিট : প্রকল্প পরিচালক জানান যে, এই প্রকল্পের কোন এক্সটার্নাল অডিট হয় নাই এবং এক্সটার্নাল অডিটের প্রয়োজনও নাই।

১৩.০ **ক্রয় সংক্রান্ত তথ্যাদিঃ** (Procurement of goods, Works and Consultancy Services):

(প্রকল্প পরিচালকের দপ্তর থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী)

Goods & Works of the Project Costing above Tk. 100.00 Lakh and Consultancy above Tk. 100.00 Lakh.

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	2	3	4	5	6	7
কার্য						
চাটমোহরপাবনা চাকী সেন্টারে নতুন সীমানা প্রাচীর , নির্মাণ WD5(B/W-Chatm)/14-15	১৪.৫০	১৩.৭৫	২৫২০১৪-০৯-	২৫২০১৪-১১-	২৫-০৫-২০১৫	১৩২০১৫-০৪-
রাজশাহী আঞ্চলিক কার্যালয়ের রেষ্ট হাউজ মেরামত কাজ WD1(R/H-Raj)/14-15	৮.৪২	৮.০০	২৫-০৯-২০১৪	২৫২০১৪-১১-	২৫-০৩-২০১৫	১১২০১৫-০২-
বাগবাটিসিরাজগঞ্জ চাকী রিয়ারিং সেন্টার সম্প্রসারন , ও নির্মান কাজ WD4(C/C-Bagbt)/14-15	১১.৪২	১০.৮৪	২৫২০১৪-০৯-	২৬২০১৪-১১-	২৬-০৪-২০১৫	০৯২০১৫-০৪-

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
চাটমোহরসেন্টার সম্প্রসারন ও নির্মান পাবনা চাকী , কাজ WD5(C/C-Chatm)/14-15	১৪.২৩	১৩.৫২	২৫০৯২০১৯-	২৬২০১৪-১১-	২৬-০৫-২০১৫	৩০২০১৫-০৪-
রংপুর রেশম বীজাগারে সীমানা প্রাচীর সম্প্রসারন ও নির্মান কাজ WD3(B/W-Rang)/14-15	১৫.৭৯	১৫.০০	২৫২০১৪-০৯-	২৬২০১৪-১১-	২৬-১০-২০১৫	১২২০১৫-০৪-
দ্বীতল আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যলয় ও প্রশিক্ষণ কেন্দ্র নির্মান কাজরংপুর , WD6(Blg-Rang)/14-15	৬৩.১৫	৬০.০০	২৭২০১৪-১০-	২৬২০১৪-১১-	১৭-১২-২০১৫	২৭২০১৫-১০-
পি কার্যালয় রাজশাহী ৩-এর সিসি রাস্তা করণ WD2(P3)/14-15	১১.৭০	১১.১২	২২২০১৫-০২-	১৭২০১৪-১২-	১৩-০৭-২০১৫	০৯২০১৫-০৬-
মীরগঞ্জ রেশম বীজাগার রাজশাহী এর সিসি রাস্তা করণ WD2(Mirg)/14-15	১০.৫০	৯.৯৮	২২২০১৫-০২-	১৩২০১৫-০৪-	১৩-০৭-২০১৫	২২২০১৫-০৬-
রংপুর রেশম বীজাগারের সিসি রাস্তা করণ WD4(Rang)/14-15	১৮.০০	১৭.১০	২২২০১৫-০২-	১৩২০১৫-০৪-	১৩-০৭-২০১৫	২৯২০১৫-০৬-
ভোলাহাট রেশম বীজাগরের সিসি রাস্তা করণ WD2(Bhola)/14-15	১৫.৪৮	১৪.৭০	২২-০২-২০১৫	১৩২০১৫-০৪-	১৩-০৭-২০১৫	২৯২০১৫-০৬-
দিনাজপুর রেশম বীজাগারের সিসি রাস্তা করণ WD2(Dinaj)/14-15	১৮.০০	১৭.১০	২২২০১৫-০২-	১৩২০১৫-০৪-	১৩-০৭-২০১৫	২১২০১৫-০৬-
রংপুর রেশম বীজাগারে ২ টি ভবন মেরামত ও সংস্কার কাজ WD1(Rang.-b/d.)/2015-16	২৩.২৬	২২.১০	১৪২০১৫-০৯-	০১২০১৫-১২-	০১-০৬-২০১৬	২২২০১৬-০৩-
দিনাজপুর রেশম বীজাগারের ২টি ভবন মেরামত ও সংস্কার কাজ WD1(Dinaj.-b/d)/2015-16	৭.০০	৬.৬৫	১৪২০১৫-০৯-	০১২০১৫-১২-	০১-০৫-২০১৬	১৯২০১৬-০২-
চাটমোহরকেন্দ্রের মাটি ভরাট ও পাবনা মিনিফিলেচার , সিসি রাস্তা করণ কাজ WD4(Chat.earth)/2015-16	৫.০০	৪.৭৫	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৩-২০১৬	২২২০১৬-০৩-
দৌলতপুর কুষ্টিয়া মিনিফিলেচার কেন্দ্রের মেরামত ও , সংস্কার কাজ WD4(Dault.mini)/2015-16	৮.৭৪	৮.৩০	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৫-২০১৬	২৫২০১৬-০২-
ঠাকুরগাঁও চাকী সেন্টার নির্মান ও সিসি রাস্তা করণ কাজ WD4(Thakur.chawki & road)/2015-16	২০.০০	১৯.০০	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৫-২০১৬	২৮২০১৬-০৫-
দৌলতপুরকুষ্টিয়া , চাকী সেন্টার মাটি ভরাট ও সীমানা) নির্মান কাজ (প্রাচীরসহ WD8(Dault.chawki & b/w)/2015-16	২৭.৭০	২৬.৩২	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৫-২০১৬	২৭২০১৬-০৫-
আলোকদিয়ামাটি ভরাট ও) মেহেরপুর চাকী সেন্টার , নির্মান কাজ (সীমানা প্রাচীরসহ WD8(Alok.chawki & b/w)/201-16	১৯.৬৭	১৮.৬৯	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৫-২০১৬	২৯২০১৬-০৫-
সাদামহল ও ব্রাম্বণভিটা চাকী সেন্টারের সীমানা প্রচীর নির্মান কাজ WD9(B/W.sada & Brahy)/2015-16	১৬.৮৫	১৬.০১	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৫-২০১৬	২৫২০১৬-০৫-
চাঁপাইনবাবগঞ্জ রেশম বীজাগারে দ্বীতল পলুপালন ঘর নির্মান কাজ WD5(R/H-chapai)/2015-16	৬৩.১৫	৬০.০০	০১২০১৫-১২-	৩০২০১৫-১১-	৩০-০৬-২০১৬	২৬২০১৬-০৬-
রংপুর রেশম বীজাগারের ডিপ টিউবওয়েলে সাবমার্সিবল পাম্প সংযোজন করে মেরামত কাজ (sub.pump.rang)2015-16	৪.১০	৪০.০৫	২২২০১৬-০৫-	০২২০১৬-০৬-	৩০-০৬-২০১৬	২৬২০১৬-০৬-
দিনাজপুর রেশম বীজাগারের টারবাইন পাম্প মেরামত কাজ (Turibne pump.Dinaj)/2015-16	২.৭০	২.৬৪	০৮-০৬-২০১৬	১৫২০১৬-০৬-	৩০-০৬-২০১৬	২৭২০১৬-০৬-

Description of Procurement (goods/works/consultancy) as per bid document.	Tender/Bid/Proposal Cost (in Lakh Taka)		Tender/Bid/Proposal		Date of Completion of works/services and supply of gooods.	
	As per DPP	Contracted Value	Invitation Date	Contract signing/I.C opening date	As per Contract	Actual
1	**2**	**3**	**4**	**5**	**6**	**7**
ভোলাহাট) ৩মীরগঞ্জ ও ঈশ্বরদী রেশম বীজাগরে ,তিন (টি স্পিনিং সেড নির্মান কাজ WD7(S.Shed)/2019-17/01	৪৭.৭৫	৩৫.৮১	১৭২০১৬-১০-	২৮২০১৬-১১-	০৮-০৫-২০১৭	০৭-০৫-২০১৭
মীরগঞ্জ রেশম বীজাগারে দ্বিতল রিয়ারিং হাউস ও ম্যানেজার অফিস মেরামত কাজ WD1(Mirg.)/2016-17/03	১৭.০৭	১৬.৮৮	২৭২০১৬-১১-	০৮২০১৭-০১-	২৩-০৬-২০১৭	১৮২০১৭-০৫-
ইন্দ্রোনারায়নপুররাজবাড়ী চাকী সেন্টারে সীমানা , প্রাচীর ও মাটি ভরাট কাজ WD9(Rajbari)/2017-17/04	১৫.৭৬	১৪.৯৭	২৭২০১৬-১১-	০৮২০১৭-০১-	২৩-০৬-২০১৭	১৮২০১৭-০৫-
কোনাবাড়ী রেশম বীজাগারে দ্বিতল থ্রি ইউনিট ষ্টাফ কোয়াটার মেরামত কাজ WD1(Konabari)/2016-17/02	৪.০০	৩.৮০	২৭২০১৬-১১-	০৮২০১৭-০১-	২২-০৪-২০১৭	১৬২০১৭-০৩-
কোনাবাড়ী রেশম বীজাগারে ডিপ টিউবওয়েলে সাবমার্সিবল পাম্প সংযোজন করে মেরামত কাজ (Sub Pump.Konabari)/ Dev./2016-17	৪.৭৫	৪.৭১	১৫২০১৬-১২-	০১২০১৭-০১-	০১-০২-২০১৭	১৭২০১৭-০১-
চাঁপাই নবাবগঞ্জ ও মিরগঞ্জ রেশম বীজাগারের ভাংগা প্রাচীর নির্মাণ ও মেরামত কাজ। WD9(Mirg+Chapai)119/2017	১১.৩৭	১০.৮০	০৪২০১৭-১০-	২৭২০১৭-১১-	২৭-০৫-২০১৮	১২২০১৮-০৪-
সাদামহল তুঁত বাগানের অবশিষ্ট সীমানা প্রাচীর নির্মাণ কাজ WD9(Sadamahol)/119/2017	৭.৫৮	৭.২০	০৪২০১৭-১০-	২৬২০১৭-১১-	২৬-০৪-২০১৮	১৩২০১৮-০৩-
ফরিদপুর চাকী সেন্টারের কিছু প্রাচীর নির্মাণ ও মাটি ভরাট কাজ। WD4(Faridpur)/119/2017	৫.৭৪	৫.৪৫	০৪২০১৭-১০-	২৭২০১৭-১১-	২৭-০৪-২০১৮	১৬২০১৮-০৪-
পঞ্চগড় চাকী সেন্টারের সীমানা প্রাচীর নির্মাণ ও মাটি ভরাট কাজ। WD4(Pachogar)/119/2017	১২.০৭	১১.৪৬	০৪২০১৭-১০-	২৭২০১৭-১১-	২৭-০৫-২০১৮	০৭২০১৮-০৫-
আলোকদিয়া মেহেরপুর চাকী সেন্টারের দুই সাইডের প্রাচীর নির্মাণ ও মাটি ভরাট কাজ। WD4(Alokdia)/119/2017	৭.৪৫	৭.০৮	০৪২০১৭-১০-	২৭২০১৭-১১-	২৭-০৪-২০১৮	০৫২০১৮-০৪-
বড়বাড়ী মিনিফিলেচার কেন্দ্রের ভবন সম্প্রসারণ ও মেরামত কাজ। WD4(Borobari)/119/2017	৭.৩৬	৬.৯৯	০৪-১০-২০১৭	২৭২০১৭-১১-	২৭-০৪-২০১৮	১৮২০১৮-০৪-
ময়নামতি কুমিল্লা বীজাগারের ৫টি ভবন মেরামত কাজ। WD1(Comilla)/117/2017	১৬.৮৪	১৫.৯০০	০৪২০১৭-১০-	২৭২০১৭-১১-	২৭-০৫-২০১৮	৩০২০১৮-০৩-
পণ্য						
৬টি কম্পিউটার, ৬টি পিন্টার এবং ৬টি ইউপিএস ও ১টি ল্যাপ্টপ GD2,GD3-Int/2014-15	৫.২০	৪.৪৭	২৬২০১৫-০১-	০৯২০১৫-০৪-	০৯-০৫-২০১৫	০৫২০১৫-০৫-
২টি ইনকিউবিটর সরবরাহ ও সংস্থাপন কাজ। GD1/2015-16	১০.০	৮.৬৩	১১-০১-২০১৬	২৯-০৩-২০১৬	২৯-০৬-২০১৬	২৯২০১৬-০৬-
৫টি ডিহিউমিডিফাইয়ার সরবরাহ ও সংস্থাপন কাজ GD04/2015-16	১০.০০	৭.২০	১৩-০৩-২০১৬	১৬২০১৬-৫-	৩০-০৬-২০১৬	১৬২০১৬-০৬-
জিআই ঘড়া ও জিআই ট্রে সরবরাহ কাজ GD9&GD10/2015-16	৬.০৮	৫.৯১	১১২০১৬-০১-	২৭২০১৬-০৩-	২৭-০৬-২০১৬	১৮২০১৬-০৫-
৪টি কম্পিউটার, ৪টি প্রিন্টার ও ৪টি ইউপিএস GD02/2015-16	২.৮০	২.৩৮	১১২০১৬-০১-	২৯-০৩-২০১৬	২৯-০৪-২০১৬	১৭২০১৬-০৪-
মটর সাইকেল ক্রয় ১০টি						২৪-০৬-২০১৪ ০৯-১১-২০১৪ ০৪-১১-২০১৫

১৪.০ পরিদর্শিত এলাকাঃ

রাজশাহী সদর, পবা, মোহনপুর, পুঠিয়া, বাঘা উপজেলা, রাজশাহী।

১৫.০ পরিদর্শন পর্যবেক্ষণঃ

১৫.১ গত ০৪-১২-২০২০ তারিখ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলার ০৮ টি তুঁতব্লক সরেজমিনে পরিদর্শন করা হয়েছে **(ছবি সংযুক্ত)।** পরিদর্শনের সময় জনাব এম. এ. মান্নান, পরিচালক (অর্থ ও পরিকল্পনা) ও প্রকল্প পরিচালক, "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত প্রকল্প" শীর্ষক প্রকল্প, জনাব কাজী মাসুদ রেজা, উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী উপস্থিত ছিলেন।

বিভিন্ন ব্লকের তুঁতচাষের বিবরণ নিম্নরূপভাবে তুলে ধরা হলো:

ক্রমিক নং	উপজেলার নাম	ব্লকের নাম	রোপনের বছর	রোপিত চারার সংখ্যা	জীবিত গাছের সংখ্যা (প্রকল্প পরিচালকের ভাষ্যমতে)	মন্তব্য
১.	মোহনপুর	টেমা ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৯০০টি	*প্রতিটি ব্লকের তুঁতগাছগুলো উৎপাদনশীল হয়েছে এবং বসনীরা উল্লিখিত ব্লকের তুঁতগাছগুলোর পাতা ব্যবহার করে পলুপালন করছেন মর্মে প্রকল্প পরিচালক জানান। *ব্লকের রোপনকৃত তুঁতগাছ কমে যাওয়ার কারণ জানতে চাইলে প্রকল্প পরিচালক জানান কিছু তুঁতগাছ প্রাকৃতিক দুর্যোগ এবং কিছু তুঁতগাছ রাস্তায় চলাচলকারী গরু-ছাগলে নষ্ট করে ফেলেছে। আগামী রোপন মৌসুমে নতুন তুঁতচারা রোপনের মাধ্যমে গ্যাপ ফিলিং করে ব্লকগুলোকে পূর্ণাঙ্গরূপ দেয়া হবে।
২.		হরিহরপাড়া ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৮৭০ টি	
৩.		পাকার মাথা ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৮০০ টি	
৪.		মাখনপুর ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৭৮০ টি	
৫.		খাড়িরধার ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৮৪০ টি	
৬.	পবা	হরিয়ানা বাইপাস রাস্তা ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৮৭৫ টি	
৭.		সাইন বোর্ডের মোড় হতে বালিছ রাস্তা ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৮০০ টি	
৮.		মোহম্মদপুর তালট্রি পাড়া ব্লক	২০১৪-১৫	১০০০ টি	৭৭০ টি	

১৫.২. এরপর "বাংলাদেশে রেশম শিল্পের সম্প্রসারণ ও উন্নয়নের জন্য সমন্বিত পরিকল্পনা" শীর্ষক প্রকল্পের অর্থায়নে তৈরিকৃত পবা, মোহনপুর এলাকার ৩ জন বসনী ১. জনাব বুলবুলি বেগম, চাঁদপুর, মোহনপুর, রাজশাহী ২. জনাব বকুল বেগম, মোহনপুর, রাজশাহী এবং ৩. পারভীন বেগম, চাঁদপুর, মোহনপুর, রাজশাহী এর পলুঘরগুলো সরেজমিনে পরিদর্শন করি **(ছবি সংযুক্ত)।** পর্যবেক্ষণে দেখা গেল, পলুঘরগুলোতে রক্ষিত ডালা, চন্দ্রকী ও নেট মজুদ রয়েছে। কয়েকজন চাষী/বসনীর সাথে আলোচনায় জানা গেল তাঁরা ভূমিহীন চাষী। বর্তমানে রেশম চাষ করে তারা বছরে প্রায় ৫০ থেকে ৬০ হাজার টাকা উপার্জন করছে। তাঁরা পলুঘরসহ অন্যান্য সরকারি প্রণোদনা বিতরণে স্বচ্ছতা ও তাদের সন্তুষ্টির কথা জানালেন। রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ে রক্ষিত সমন্বিত প্রকল্পের আওতায় যেসকল চাষীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে তার প্রমাণক পরীক্ষা করা হলো এবং পর্যবেক্ষণে দেখা গেল, যেসকল চাষী/বসনী প্রশিক্ষণ গ্রহণ করেছেন তাদের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও প্রশিক্ষণ গ্রহণকারী চাষী/বসনীদের স্বাক্ষর সম্বলিত রেজিস্ট্রার সংরক্ষিত রয়েছে।

বিকেল ০৪.০০ টায় বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের সভাকক্ষে বোর্ডের কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে সমন্বিত প্রকল্পের প্রকল্প পরিচালক Power Point Presentation এর মাধ্যমে প্রকল্পের বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্য এবং প্রকল্পের অর্থ কিভাবে খরচ করা হয়েছে তার বিস্তারিত বিবরণ তুলে ধরেন। প্রকল্পের অব্যয়িত অর্থ সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জানান অব্যয়িত অর্থ ট্রেজারি চালানের মাধ্যমে রাষ্ট্রীয় কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রমাণক হিসেবে ট্রেজারি চালানের কপি উপস্থাপন করেন **(কপি সংযুক্ত)।** এরপর এ প্রকল্পের শুরু হতে শেষ পর্যন্ত কোন অডিট আপত্তি হয়েছে কি না? এ বিষয় জানতে চাইলে তিনি প্রমাণক হিসেবে বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের নিরীক্ষা বিভাগের নিরীক্ষা আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উপস্থাপন করেন **(কপি সংযুক্ত)।** প্রতিবেদন পরীক্ষা করে দেখা গেল এ প্রকল্পে এ পর্যন্ত কোন নিরীক্ষা আপত্তি উত্থাপিত হয়নি।

১৫.৩. ০৫-১২-২০২০ তারিখ সকালে সমন্বিত প্রকল্পের অর্থায়নে রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ের রেস্টহাউজ মেরামত কাজ এবং রাজশাহী আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়ের আওতাধীন পি৩ বীজাগারের সিসি রাস্তা নির্মাণ কাজ পরিদর্শন করি।

এরপর রাজশাহী জেলার বাঘা উপজেলার মীরগঞ্জ রেশম বীজাগারটি পরিদর্শন করি। পরিদর্শনের সময় জনাব মোহাম্মদ এমদাদুল বারী, পরিচালক (সম্প্রসারণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডসহ বীজাগারের অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন। পর্যবেক্ষণে দেখা গেল এ প্রকল্পের অর্থায়নে এ বীজাগারের প্রায় ২৫ বিঘা তুঁতজমি রক্ষণাবেক্ষণ করা হয়েছে **(ছবি সংযুক্ত)** এ বীজাগারটি ৯৭ বিঘা জমির উপর প্রতিষ্ঠিত। এখানে সমন্বিত প্রকল্পের অর্থায়নে সিসি রাস্তা ও স্পিনিং শেড নির্মাণ কাজসহ সীমানা প্রাচীর মেরামত, দ্বিতল রিয়ারিং হাউজ মেরামত করা হয়েছে **(ছবি সংযুক্ত)।** কাজেরমান সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলো।

প্রকল্পের অর্থায়নে রাজশাহীতে ক্রয়কৃত কম্পিউটার, ল্যাপটপ, ইনকিউবেটর, ডিহিউমিডিফায়ারসহ অন্যান্য যন্ত্রপাতি সচল অবস্থায় পাওয়া গেল এবং মটর সাইকেল ১০টি ও বাই-সাইকেল ২৫টি বিতরণকৃত কার্যালয়ে ব্যবহৃত হচ্ছে বলে প্রকল্প পরিচালক জানান।

১৬.০ **সমস্যাঃ**

১৬.১ প্রকল্পের আওতায় ৩০০টি তুঁত ব্লক স্থাপিত হয়েছে। রাস্তার ধারে স্থাপিত কিছু কিছু ব্লকের ক্ষেত্রে ইঞ্জিন চালিত যানবাহন চলাচল করায় ব্লকের তুঁত গাছের পাতায় ধুলি ও ধোয়ার কারণে পাতার গুণগতমান কাঙ্খিত হয়না। যার নেতিবাচক প্রভাব রেশম গুটি উৎপাদনে পড়ে।

১৬.২ বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের অনুমোদিত জনবল ৪৮৯ এবং কর্মরত জনবল ১৫২। বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের মহাপরিচালক জনাব আব্দুল হাকিম জানান যে প্রতিষ্ঠানটিতে তীব্র জনবল সংকট বিদ্যমান।

১৬.৩ বর্তমান সরকার ইউনিয়ন পরিষদের রাস্তা, জেলা পরিষদের রাস্তা, সড়ক ও জনপদের রাস্তা এবং এলজিইডির রাস্তার উন্নয়নে ব্যাপক কার্যক্রম হাতে নিয়েছে। যার ফলে ব্লকগুলো ক্রমশঃ ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফলে রেশম সম্প্রসারণ কার্যক্রম টেকশই হচ্ছে না।

১৬.৪ এই প্রকল্পে আইডিয়াল রেশম পল্লী ১৫ টি। এখানে চাষীরা তাদের নিজস্ব পাঁচ কাঠা জমিতে তুঁতচারা রোপন করছে যা দিয়ে মাত্র ২৫ টি ডিমের পলুপোকার খাদ্য যোগান সম্ভব। এতে মাত্র ১০ কেজি রেশম গুটি উৎপাদন সম্ভব যা বিক্রি করে মাত্র ৩০০০/- (তিন হাজার) টাকা আয় করা সম্ভব এটি অপর্যাপ্ত এবং উৎসাহ ব্যাঞ্চক নয়।

১৭। **<u>সুপারিশ</u> :**

i) প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের আওতায় সম্পন্ন সকল কম্পোনেন্ট প্রকল্প দলিল মোতাবেক বুঝে নেয়া প্রয়োজন। মেয়াদ শেষে প্রকল্পের ত্রুটি বিচ্যুতি সংশোধন করার সুযোগ থাকেনা। যে সকল কাজ সমাপ্তির পর এখনো সিকিউরিটি মানি ঠিকাদারকে ফেরত দেয়া হয়নি সেগুলোর ত্রুটি বিচ্যুতি বের করে তা জরুরীভিত্তিতে মেরামত করিয়ে নিতে হবে।

ii) প্রাকৃতিক দূর্যোগে যে সকল ব্লকের রোপনকৃত তুঁতগাছ নষ্ট হয়েছে আগামী রোপন মৌসুমে নতুন তুঁতচারা রোপনের মাধ্যমে গ্যাপ ফিলিং করে ব্লকগুলোকে পূণাঙ্গরূপ দিতে হবে।

iii) প্রকল্পের অডিট আপত্তি যদি থাকে তাহলে তা' জরুরী ভিত্তিতে নিষ্পত্তি করে এবং প্রয়োজনে এক্সটার্নাল অডিট সম্পন্ন করে আইএমইডিসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।

iv) রেশম চাষ টেকসই ও লাভজনক করার জন্য রাস্তার ধারে তুঁতগাছ রোপন না করে ভবিষ্যতে প্রত্যেক চাষীকে কমপক্ষে এক বিঘা জমিতে ফার্মিং পদ্ধতিতে তুঁতচাষ করতে হবে।

v) আইডিয়াল রেশম পল্লীতে রোপিত তুঁতগাছগুলো রক্ষণাবেক্ষণ করতে হবে।

vi) ব্লক এবং আইডিয়াল রেশম পল্লীর চাষীদের রেশম চাষে ধরে রাখার জন্য পলুঘর মেরামত এবং পলুপালন সরঞ্জামাদি সরবরাহ অব্যাহত রাখা প্রয়োজন।

vii) প্রকল্পের মাধ্যমে স্থাপিত ৩০০ (তিনশত) তুঁতব্লক এবং ১৫ টি আইডিয়াল রেশম পল্লী'কে টেকসই করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

viii) উপর্যুক্ত সুপারিশসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ/কার্যক্রম গ্রহণ করে আগামী এক মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

সংযোজনী 'ক'

পরিদর্শনের সময় ধারণকৃত স্থির চিত্রের অংশবিশেষঃ





রাজশাহী জেলার মোহনপুর উপজেলার টেমা, হরিহরপাড়া ও পাকার মাথা ব্লক পরদর্শনের স্থির চিত্র





রাজশাহী জেলার মোহনপুর ৩ জন বসনীর পলুঘর, ডালা চন্দ্রকী এর স্থির চিত্র




মীরগঞ্জ রেশম বীজাগারে সমন্বিত প্রকল্পের অর্থায়নে রক্ষণাবেক্ষণকৃত তুঁতপ্লট এর স্থির চিত্র




মীরগঞ্জ রেশম বীজাগারে সমন্বিত প্রকল্পের অর্থায়নে নির্মিত সিসি রাস্তা এবং স্পিনিং সেড পরিদর্শনের স্থির চিত্র